



স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার পাঠ্যপুস্তক মুদ্রণ খরচ সরকারীভাবে বহন করুন -আইসিপি

প্রেস বিজ্ঞপ্তি : গতকাল বাংলাদেশ ইসলামী ছাত্র পরিষদ (আইসিপি)-এর কেন্দ্রীয় সভাপতি হাফেজ গোলাম মোস্তফা সাধারণ সম্পাদক এস এম আবু তাহের ও সাংগঠনিক সম্পাদক হাফেজ মোঃ বেলাল হোসাইন জুইয়া এক বিবৃতিতে বলেন, বর্তমানে স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার পাঠ্যপুস্তক মুদ্রণের খরচ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অর্ধায়নে যোগান দেয়ার চিন্তা-ভাবনা চলছে বলে নির্ভরযোগ্য সূত্রে প্রকাশ। অথচ কোন বোর্ডের টাকা দ্বারা রেজিস্টার্ড প্রাইমারী অথবা সরকারী প্রাইমারী স্কুলের পাঠ্যপুস্তক মুদ্রণের খরচ বহন করার নজির ইতিহাসে নেই। নেতৃবৃন্দ স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার জন্য পাঠ্যপুস্তক মুদ্রণের খরচ মাদ্রাসা শিক্ষা বোর্ডের নিকট থেকে যোগান দেয়ার পরিকল্পনার তীব্র প্রতিবাদ জানিয়েছেন। তারা সরকারী প্রাইমারী ও রেজিস্টার্ড বেসরকারী প্রাইমারী স্কুলের পাঠ্যপুস্তক যে অর্ধায়নে যোগান দেয়া হয় তেমনিভাবে অথবা সরকারীভাবে স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার পাঠ্যপুস্তক মুদ্রণের খরচ বহন করার জন্য সরকারের প্রতি জোর দাবী জানান। কেননা প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নির্বাচনী ইশতেহারের ১৯ পৃষ্ঠায় উল্লেখ আছে যে, রেজিস্টার্ড প্রাইমারী স্কুলের ন্যায় স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার সকল সুযোগ-সুবিধা প্রদান করবেন। এ ব্যাপারে বিবৃতিতে প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রীসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের হস্তক্ষেপ কামনা করা হয়েছে।